# বর্ধমান মিউনিসিপ্যাল হাইস্কুল

## বিজ্ঞপ্তি

## তারিখ- ১-১২-২০২০

## প্রাক-প্রথমিক শ্রেনীতে ফর্ম পাওয়ার ক্ষেত্রে নিয়মাবলী-

(১) প্রাক-প্রাথমিক শ্রেণীতে বাংলা ও ইংরাজী মাধ্যমে ভর্ত্তির জন্য বিদ্যালয় থেকে ১০০০মিটার (১ কিলোমিটার) -এর মধ্যে ছাত্রকে স্থায়ী ভাবে বসবাস করতে হবে।যারা ৫০০ মিটারের মধ্যে বসবাস করে এবং ওই ঠিকানায় যাদের আধার কার্ড এবং ভোটার কার্ড আছে তারা সরাসরি ভর্ত্তির সুযোগ পাবে যদি সংগৃহীত ফর্ম-এর সংখ্যা আসন সংখ্যার চেয়ে কম হয়। বাংলা মাধ্যমে ভর্ত্তির জন্য আসন সংখ্যা ৫০ এবং ইংরাজী মাধ্যমে আসন সংখ্যা ৪০। যদি দেখা যায় ৫০০ মিটারের মধ্যে যারা বসবাস করছে এবং যাদের ভোটার ও আধার কার্ড ওই ঠিকানায় আছে এমন আবেদনকারীর সংখ্যা আসন সংখ্যার চেয়ে বেশী হলো সেক্ষেত্রে তাদের মধ্যেই নির্ধারিত আসনের জন্য লটারী অনুষ্ঠিত হবে ( যারা কেবলমাত্র ভোটার ও আধারকার্ড দেখাবেন)। যদি দেখা যায় যে এমন আবেদনকারীর সংখ্যা নির্ধারিত আসন সংখ্যার চেয়ে কম হলো তাহলে তাদের সরাসরি ভর্ত্তির পর উদ্বৃত্ত আসনের জন্য ৫০০ মিটারের মধ্যে বসবাসকারী ছাত্র যারা ওই ঠিকানায় ভোটার বা আধার কার্ড ছাড়া অন্য কোন বাসস্থানের ও স্থায়ী ঠিকানার প্রমানপত্র দেখাতে পেরেছেন তাদের নিয়ে লটারীর মাধ্যমে বাকি আসন পূর্ণ করা হবে। ওই দু ধরণের আবেদনকারী মাধ্যমে যদি নির্ধারিত আসন পূর্ণ না হয় কেবলমাত্র সেক্ষেত্রে ৫০১-১০০০ মিটারের মধ্যে বসবাস করছেন এমন আবেদনকারীদের ফর্মগুলিকে লটারীর জন্য বিবেচনা করা হবে।

(২) স্থায়ী ঠিকানার প্রমানপত্র হিসাবে অগ্রাধিকার দেওয়া হবে (১) ভোটার কার্ড ও (২) আধার কার্ডকে।এছাড়াও যে প্রমাণপত্রগুলিকে গ্রাহ্য করা হবে-

(৩) প্যানকার্ড
(৪) ড্রাইভিং লাইসেনস
(৫) গ্যাসের বই
(৬) বাড়ির দলিল
(৭) ব্যাঙ্কের পাশ বই
(৮) পোস্টাফিসের বই
(৯) ইলেক্ট্রিক বিল
(১০) খাজনার রসিদ
(১১) মিউনিসিপ্যালিটির ট্যাক্সের রসিদ
(১২) অন্য যে কোন সরকারী দলিল বা প্রমানপত্র।

(৩) সরকারী নিয়মানুসারে আসন সংরক্ষন করা হবে।

(৪) সংরক্ষিত আসনের ক্ষেত্রে অভিভাবককে ফর্ম নেওয়ার সময় জাতিগত শংসাপত্র ও জন্মের শংসাপত্র দেখাতে হবে।

(৫) ফর্মটির প্রতিটি স্থান সঠিকভাবে পূরণ করতে হবে। যোগাযোগের জন্য ফোননম্বরটি দেবেন।

(৬) ফর্মের সাথে জন্মের শংসাপত্র ,( যাদের ক্ষেত্রে প্রযোজ্য ) জাতিগত শংসাপত্র এবং স্থায়ী ঠিকানার প্রমানপত্র দেবেন।

(৭) ৩০শে ডিসেম্বরের মধ্যে ট্র্যান্সফার সার্টিফিকেট জমা দিতে হবে।

(৮) প্রাক-প্রাথমিকে ভর্ত্তির জন্য ছাত্রের বয়স পাঁচ বছর পূর্ণ হতে হবে এবং ছয় বছর থেকে ১ দিন কম হতে হবে।

(৯) আগামী ২-১২-২০২০ তারিখ থেকে ৯-১২-২০২০ তারিখ পর্যন্ত ফর্ম দেওয়া ও জমা নেওয়া হবে।ফর্ম দেওয়া ও জমা নেওয়ার সময় ১১ টা থেকে বেলা ১টা (সরকারী ছুটির দিন বাদে)।

(১০) ফর্ম নিতে আসার সময়,লটারীর দিন বা ভর্ত্তির সময় কোন অবস্থাতেই ছাত্র বিদ্যালয়ে আনা যাবেনা।

(১১) শারীরিক দূরত্ববিধি বজায় রেখে ওই দিনগুলিতে অভিভাবককে বিদ্যালয় কর্তৃপক্ষের সাথে সহযোগিতা করতে অনুরোধ করা হচ্ছে।

(১২) প্রাক-প্রথমিক শ্রেণীর লটারী অনুষ্ঠিত হবে ১৪-১২-২০২০ তারিখ

Pg- 3

বিদ্যালয়ের মাঠে বেলা ১১টা থেকে ১ টা পর্যন্ত (বাংলা মাধ্যম) এবং প্রাক-প্রথমিক শ্রেণীর ইংরাজী মাধ্যমের লটারী অনুষ্ঠিত হবে ওই দিনই বেলা ২টো থেকে চারটে পর্যন্ত কোভিড-১৯-এর সকল বিধি অনুসরণ করে।

(১৩) ভর্ত্তির তারিখ লটারীর দিন জানানো হবে।

(১৪) প্রাক-প্রাথমিক শ্রেণীতে ভর্ত্তির দিন বিশেষ কোন কারণে যদি ছাত্রকে ভর্ত্তির জন্য অভিভাবক উপস্থিত থাকতে না পারেন তাহলে প্রধানশিক্ষক মহাশয়ের কাছে তাকে আবেদন জমা দিতে হবে ,অন্যথায় ওয়েটিং লিস্ট থেকে ক্রম অনুসারে ছাত্রকে ভর্ত্তি করা হবে।

প্রধানশিক্ষক